

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
পুলিশ শাখা-২
www.mha.gov.bd

নং-৪৪.০০.০০০০.০৯৫.০০৪.০০৪.১৫-৬৮৬

তারিখ- ১৪ আশ্বিন, ১৪২৩ বঙ্গাব্দ
২৯ সেপ্টেম্বর, ২০১৬ খ্রিস্টাব্দ

প্রাপকঃ প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা
স্বরাষ্ট্র মন্ত্রণালয়, সেগুন বাগিচা, ঢাকা

বিষয়ঃ বাংলাদেশ ব্যাংকের অর্থ চুরির বিষয়ে 3rd Case Coordination Meeting- এ যোগদানের নিমিত্ত পুলিশ কর্মকর্তাদের সিংগাপুর গমনের অনুমতি।

সূত্রঃ পুলিশ অধিদপ্তর এর স্মারক নং- এনসিবি/২১-২০১৬ (অংশ-১)/৭৪১, তারিখঃ ১৫/০৯/২০১৬

মহোদয়,

আদিষ্ট হয়ে আগামী ০৪-০৬ অক্টোবর, ২০১৬ সময়ে অনুষ্ঠিতব্য বাংলাদেশ ব্যাংকের অর্থ চুরির বিষয়ে 3rd Case Coordination Meeting- এ অংশগ্রহণের নিমিত্ত নিম্নবর্ণিত পুলিশ কর্মকর্তাদের অনুকূলে সিংগাপুর গমনের সরকারী অনুমোদন জ্ঞাপন করছিঃ

| ক্রঃ নং | নাম, পদবী ও কর্মস্থল |
|---------|--|
| ০১ | জনাব মোঃ শাহ আলম, কমান্ড্যান্ট (অতিরিক্ত ডিআইজি), ফরেনসিক ট্রেনিং ইন্সটিটিউট, সিআইডি, ঢাকা |
| ০২ | জনাব রায়হান উদ্দিন খান, অতিরিক্ত পুলিশ সুপার, সিআইডি, ঢাকা |

শর্তাবলীঃ

- (ক) সভায় অংশগ্রহণের জন্য মনোনীত কর্মকর্তাদের যাতায়াত, থাকা-খাওয়া ও অন্যান্য খরচ বাবদ প্রাপ্য অর্থ পুলিশ বাজেটের কোড নং-‘৩-২২১৬-০০০০-সিআইডি-৪৮০১’ ভ্রমণ ব্যয় খাত হতে বিধি মোতাবেক অগ্রিম উত্তোলন করতে পারবেন।
- (খ) তাদের বিদেশে অবস্থানকাল (যাতায়াতের ট্রানজিট সময়সহ) কর্তব্যকাল হিসেবে গণ্য হবে।
- (গ) তারা সভায় অংশগ্রহণের জন্য বেতন ভাতাদির কোন অংশ বৈদেশিক মুদ্রায় প্রাপ্য হবেন না।
- (ঘ) তারা ০৩ অক্টোবর, ২০১৬ তারিখ অথবা তার নিকটবর্তী সময়ে ঢাকা ত্যাগ করবেন এবং সভা শেষে আগামী ০৭ অক্টোবর, ২০১৬ তারিখ অথবা তার নিকটবর্তী সময়ে ঢাকা প্রত্যাবর্তন করবেন। অনুমোদিত সময়ের অতিরিক্ত সময় তারা বিদেশ অবস্থান করতে পারবেন না।
- (ঙ) বিদেশ হতে প্রত্যাবর্তনের ১৫ (পনের) কার্যদিবসের মধ্যে তারা স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে বর্ণিত বিষয়ের উপর একটি প্রতিবেদন পেশ করবেন।

২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।


স্বঃ-
ফারজানা জেসমিন
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৭৬৩৩৯ (অঃ)।

নং-৪৪.০০.০০০০.০৯৫.০০৪.০০৪.১৫-৬৮৬/১(৯)

তারিখ- ১৪ আশ্বিন, ১৪২৩ বঙ্গাব্দ
২৯ সেপ্টেম্বর, ২০১৬ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

- ১। সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ২। মহা-পুলিশ পরিদর্শক, পুলিশ অধিদপ্তর, ঢাকা।
- ৩। মহা-পরিচালক, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, ঢাকা।
- ৪। মহাব্যবস্থাপক, বৈদেশিক মুদ্রানীতি বিভাগ, বাংলাদেশ ব্যাংক, ঢাকা।
- ৫। মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রী/সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ৬। উপ-সচিব, পুলিশ-১ অধিশাখা, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ৭। ভারপ্রাপ্ত কর্মকর্তা (বহিরাগমন), শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা।
- ৮। সহকারী প্রোগ্রামার, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (ওয়েব সাইটে প্রকাশের জন্য)
- ৯। জনাব.....।


ফারজানা জেসমিন
সিনিয়র সহকারী সচিব